

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পানি সরবরাহ-৩ অধিশাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০২১.১৭-৬৮


তারিখ: ০৮ চৈত্র ১৪২৬
২২ মার্চ ২০২০

বিষয় : করোনা ভাইরাসের সংক্রমণ রোধে ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী ওয়াসার করণীয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক মহামারী হিসেবে ঘোষিত করোনা ভাইরাসের (COVID-19) সংক্রমণ রোধে ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী ওয়াসা কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ জরুরীভিত্তিতে গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ওয়াসার অধিভুক্ত এলাকায় যেখানে জনসমাগম হয় সে সকল স্থানে হাত ধোয়ার স্পট তৈরী এবং প্রয়োজনীয় হাত ধোয়া সাবান/হাত জীবাণুমুক্ত করার জন্য স্যানিটাইজার রাখার কার্যক্রম গ্রহণ।
- “করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে করণীয়” শীর্ষক প্রচারণা/ক্যাম্পেইন করতে হবে। তবে, এ সকল প্রচারণা/ক্যাম্পেইন করার ক্ষেত্রে কোন ধরনের গণজমায়েত করা যাবে না।
- স্বাস্থ্য সেবা বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-সহ সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ দপ্তর/সংস্থা ও স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক সরকারের সকল নির্দেশনা/বিজ্ঞপ্তি যথাযথ অনুসরণ করতে হবে।
- পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী ওয়াসার সকল কর্মকর্তা/কর্মচারীকে স্ব-স্ব কর্মস্থলে অবস্থান করতে হবে।

০২। বিষয়টি অতীব জরুরী।


২২/০৩/২০২০

(মোহাম্মদ সামছুল হক)

উপসচিব (পাস-৩)

ফোন : ৯৫১৪৩৬৮

lgdwatersupply3@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক,
ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী ওয়াসা।

অনুলিপি: সদয় অবগতির জন্য

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।

০২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী বিভাগ।

০৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

০৪। জেলা প্রশাসক, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।

০৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।